# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আরবরা عليه কে له অর্থে ব্যবহার করে থাকে, এই মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْعَرَبَ تَذْكُرُ فِي لُغَتِهَا ((عليه)) بمعنى ((له)) و ((له)) بمعنى ((عليه))

আরবী

1689 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا المقرىء قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ قَالَ: حَدَّثَنَا كَعْبُ بْنُ عَلْقَمَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا سَمِعْتُمُ الْمُؤَذِّنَ فَقُولُوا كَمَا يَقُولُ وَصَلُّوا عَلَيَّ فَإِنَّهُ لَيْسَ أَحَدٌ يُصَلِّي عَلَيَّ صَلَاةً إِلَّا صَلَّى اللَّهُ عَلَيْهِ عَشْرًا وَسَلُوا لِيَ الْوَسِيلَةَ فَإِنَّ الْوَسِيلَةَ مَنْزِلَةٌ فِي الْجَنَّةِ وَلَا تَنْبَغِي أَنْ تَكُونَ إِلَّا لِعَبْدٍ مِنْ عِبَادِ اللَّهِ وَأَرْجُو أَنْ أَكُونَ أَنَا هُوَ وَمَنْ سَأَلَهَا لِي حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ القيامة)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1689 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (536)، ((الإرواء)) (1/ 259).

বাংলা

১৬৮৯. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলেছেন, “যখন তোমরা মুয়ায্যিনের আযান শুনবে, তখন তোমরা মুয়ায্যিন যা বলে, তোমরাও তা-ই বলবে। তারপর তোমরা আমার উপর সালাত (দরুদ) পেশ করবে। কেননা যে ব্যক্তি আমার উপর সালাত পেশ করে, আল্লাহ তার উপর দশবার রহমত বর্ষন করবেন। তারপর তোমরা আমার জন্য ওয়াসীলা চাইবে। নিশ্চয়ই এটি জান্নাতে একটি মর্যাদাগত অবস্থান, যা আল্লাহর বান্দাদের মধ্যে একজন বান্দা ছাড়া আর কারো জন্য সমীচীন হবে না। আর আমি আশাবাদী যে, আমিই হবো সে বান্দা। কাজেই যে ব্যক্তি আমার জন্য ওয়াসীলা চাইবে, তার জন্য আমার সুপারিশ নিশ্চিত অবধারিত হয়ে যাবে।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৮৪; আবূ দাউদ: ৫২৩; সুনান বাইহাকী: ১/৪১০; আবূ আওয়ানা: ১/১১৬; নাসাঈ: ২/২৫-২৬; আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৪৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন